



বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
জনশক্তি ও প্রশিক্ষণ ইউনিট
www.barc.gov.bd

কৃষিই সমৃদ্ধি

নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা- ১২১৫।

স্মারক নম্বর: ১২.২০.০০০০.০১৩.০৭.০০১.১৮.৬২

তারিখ: ১ আশ্বিন ১৪২৬

১৬ সেপ্টেম্বর ২০১৯

বিষয়: তথ্য গোপন করার বিষয়ে ব্যাখ্যা প্রদান সংক্রান্ত

সূত্র: (১) কৃষি মন্ত্রণালয়ের স্মারক নং-১২.০০.০০০০.০৬২.২৫.০১৮.১৭-৩৭৫ তারিখ:

০৪-০৯-২০১৯ খ্রি।

(২) বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল এর ৩১ জুলাই ২০১৯ তারিখের ১৭৬০ সংখ্যক পত্র।

(৩) কৃষি মন্ত্রণালয়ের ১৪ আগস্ট ২০১৯ তারিখের ৩২৪ সংখ্যক পত্র।

(৪) বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল এর ১৪ আগস্ট ২০১৯ তারিখের পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ১৯-২৩ আগস্ট ২০১৯ সময়ে চীনে অনুষ্ঠিত 3rd Symposium of Exchange and Cooperation to Enhance Innovation for Agricultural Science and Technology in South & Southeast Asia-এ অংশগ্রহণের নিমিত্ত ড. মো: আবদুছ ছালাম, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (শস্য) সহ বিএআরসি'র ০১ (এক) জন এবং বাংলাদেশ গম ও ভূট্টা গবেষণা ইনস্টিটিউটের অপর ০১ (এক) জন কর্মকর্তার অংশগ্রহণ বিষয়ে অনুমতি প্রদানের জন্য অনুরোধ করা হয়।

উল্লেখ্য যে, কৃষি মন্ত্রণালয়ের সূত্রোক্ত ৩ নং পত্রের মাধ্যমে ড. মো: আবদুছ ছালাম বিগত এক বছরের বিদেশ ভ্রমণের তথ্য চাওয়া হয়। সে মোতাবেক ড. মো: আবদুছ ছালাম বিগত এক বছরে যতবার বিদেশ ভ্রমণ করেছেন তার তথ্য দেয়া হয়। কৃষি মন্ত্রণালয়ে সূত্রোক্ত ১ নং পত্রের মাধ্যমে জানানো হয় যে, ড. মো: আবদুছ ছালাম বিগত ০১ (এক) বছরে তিন বার বিদেশ ভ্রমণ করেছেন এবং তাঁর অনুকূলে আরো দুইটি বিদেশ ভ্রমণ আদেশ জারী করা হয়েছে এবং এই দুইটি বিদেশ ভ্রমণ আদেশ জারীর তথ্য গোপন বিষয়ে ব্যাখ্যা চাওয়া হয়েছে। যেহেতু অতীত (বিগত এক বছর) বিদেশ ভ্রমণের নির্ধারিত ছকে শুধু এক বছরের বিদেশ ভ্রমণের তথ্য চাওয়া হয়েছে, সেহেতু এক বছরের বিদেশ ভ্রমণের তথ্য দেয়া হয়েছে। এক্ষেত্রে ভবিষ্যতে বিদেশ ভ্রমণের জন্য জারীকৃত সরকারি আদেশের তথ্য উল্লেখ করা হয়নি। নির্ধারিত ছকে ভবিষ্যৎ ভ্রমণের সরকারি আদেশের তথ্য প্রদানের কলাম না থাকায় তথ্য দেয়া হয়নি। বর্ণিত কর্মকর্তার ভ্রমণ তথ্য উপস্থাপনে ত্রুটি অনিচ্ছাকৃত ভাবে ঘটেছে। এখন থেকে অতীত (বিগত এক বছর) বিদেশ ভ্রমণের নির্ধারিত ছকের মন্তব্য কলামে ভবিষ্যৎ ভ্রমণ বিষয়ক সরকারি আদেশ জারীর তথ্য (যদি থাকে) প্রদান করা হবে।

বর্ণিত প্রেক্ষাপটে বিষয়টি সুবিবেচনার জন্য অনুরোধ করা হলো।

১৬-৯-২০১৯

ড. মোঃ কবির ইকরামুল হক
নির্বাহী চেয়ারম্যান (চলতি দায়িত্ব)


সচিব
কৃষি মন্ত্রণালয়

স্মারক নম্বর: ১২.২০.০০০০.০১৩.০৭.০০১.১৮.৬২/১

তারিখ: ১ আশ্বিন ১৪২৬
১৬ সেপ্টেম্বর ২০১৯

অনুলিপি:(পত্রটি ওয়েবসাইটে আপলোডের জন্য অনুরোধ করা হলো)

১) হাসান মো: হামিদুর রহমান, পরিচালক, কম্পিউটার এন্ড জিআইএস, বিএআরসি, ঢাকা



১৬-৯-২০১৯

ড. মোঃ কবির ইকরামুল হক
নির্বাহী চেয়ারম্যান (চলতি দায়িত্ব)